



একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নং: ০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯-৫৫


তারিখ: ১৩ আশ্বিন, ১৪২৭

২৮ সেপ্টেম্বর, ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০২০-২১ অর্থবছরে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এর আওতায় যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জনপ্রশাসন ও এর উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করে অথবা এ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করে শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ অনুদান প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২। এ অনুদান গ্রহণে আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আগামী ১০/১০/২০২০ হতে ৩০/১১/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের ফরম ও এ সংক্রান্ত নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) এবং সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

  
(এ, এচ, এম, জামেরী হাসান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৬৪৭

ই-মেইল [fttu@mopa.gov.bd](mailto:fttu@mopa.gov.bd)